দৈনিক বাংলা

তারিখ ... 15 OCT 1985 ...
পৃষ্ঠা ... 1 কলাম 6 ...



# শিক্ষা ব্যবস্থা সম্পর্কে শীঘ্রই মুক্ত আলোচনা

(স্টাফ রিপোর্টার)

বিশ্ববিদ্যালয়সমূহের চ্যান্সেলরের উপদেষ্টা ও জাতীয় ছাত্র পরিষদের প্রধান সমন্বয়কারী জনাব আবুল কাশেম চৌধুরী জানিয়েছেন, দেশের বর্তমান শিক্ষা ব্যবস্থার ওপর ছাত্র পরিষদ শীঘ্রই একটি মুক্ত আলোচনার আয়োজন করবে। এতে বিশিষ্ট শিক্ষাবিদ ও বুদ্ধিজীবীসহ সমাজের বিভিন্ন স্তরের প্রতিনিধিবর্গ অংশ নেবেন।

তিনি সোমবার গণভবনস্থ তার কার্যালয়ে বিভিন্ন দৈনিক পত্রিকা ও সংবাদ সংস্থার ঢাকা বিশ্ববিদ্যালয় রিপোর্টারদের সঙ্গে এক সৌজন্য সাক্ষাৎকারে মিলিত হন। জনাব আবুল কাশেম চৌধুরী

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## শিক্ষা ব্যবস্থা

(১ম পৃঃ পর)

বলেন, জাতীয় বৃহত্তর স্বার্থে শিক্ষাঙ্গনকে অস্ত্র ও সন্ত্রাসমুক্ত রাখতে হবে। তিনি এ ব্যাপারে সকল মহলের সহযোগিতার ওপর গুরুত্ব আরোপ করেন।

চ্যান্সেলরের উপদেষ্টা আরও বলেন ইতিবাচক রাজনীতি দেশকে প্রগতির দিকে নিয়ে যাবে। তিনি সাংবাদিকদের জানান যে জাতীয় ছাত্র পরিষদ ছাত্রসমাজের কল্যাণের জন্যে বিভিন্ন কর্মসূচী নিয়েছে।